

সাথে সাথে জিআরআই ফ্রেমওয়ার্ক ব্যবহার করলে প্রতিবেদকরা সামাজিক দায়িত্বশীলতার নীতিসমূহ এবং অনুশীলন বিষয়ে পরিমাপ ও প্রতিবেদন তৈরির ক্ষেত্রে একটি ব্যবহারিক সরঞ্জামগুচ্ছ পাবে।”

‘অ্যাকাউন্টঅ্যাবিলিটি’ একটি অমুনাফাভোগী আন্তর্জাতিক থিঙ্ক-ট্যাঙ্ক এবং মান ধারক। ‘অ্যাকাউন্টঅ্যাবিলিটি’ অনুযায়ী আইএসও ২৬০০০ এবং ‘এএ১০০০’ সিরিজের মধ্যে সম্পূর্ণক উপাদানসমূহ নিম্নরূপ -

অ্যাকাউন্ট অ্যাবিলিটি প্রিন্সিপালস স্ট্যান্ডার্ড-এ এমন অনেক নীতিকেই আইএসও সাদৃশ্যপূর্ণ নীতির প্রমাণ স্বরূপ আলোকপাত করে যেগুলো অন্যান্য সংগঠনগুলো ইতিমধ্যেই ব্যবহার করেছে, যাতে করে তারা সামাজিক দায়িত্বশীলতা ও স্থায়িত্বের ক্ষেত্রে রূপান্তরধর্মী পরিবর্তন আনতে পারে।

তথ্যের বিশ্বাসযোগ্যতা বর্ধিত করার জন্য আইএসও ২৬০০০ আশ্বাসন প্রক্রিয়ার ব্যবহারের জন্য সুপারিশ করে, যা স্বাভাবিকভাবেই একটি সংগঠনকে ‘এএ১০০০’ অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড-এর দিকে এগিয়ে নিয়ে যাবে।

স্টেকহোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করা আইএসও ২৬০০০ সামাজিক দায়িত্বশীলতার একটি মৌলিক অনুশীলন বলে মনে করে। অপরদিকে ‘এএ১০০০’ স্টেকহোল্ডার এনগেজমেন্ট স্ট্যান্ডার্ড সংগঠনগুলোকে তাদের নকশা উন্নয়ন করার জন্য, তাদের স্টেকহোল্ডার নিয়োগের অনুশীলনের রূপায়ন ও মূল্যায়নের জন্য একটি মুক্ত উৎসের ফ্রেমওয়ার্ক যোগান দেয়।

মানবাধিকার, শ্রম, পরিবেশ এবং দুর্নীতি-বিরোধিতায় দশটি নীতিমালার^৪ প্রতি দায়বদ্ধতা, ব্যবসার জন্য দ্য ইউনাইটেড নেশন্স গ্লোব্যাল কমপ্যাক্ট একটি সুকৌশলী নীতি সূচক। আইএসও ২৬০০০ এর বিকাশের সাথে দ্য ইউনাইটেড নেশন্স গ্লোব্যাল কমপ্যাক্ট সক্রিয়ভাবে সংযুক্ত ছিলো। তার ফলে, আন্তর্জাতিকভাবে তাদের যে দশটি নীতি বহুল পরিচিত, তার প্রত্যেকটিই আইএসও ২৬০০০-এ অন্তর্ভুক্ত আছে। আইএসও ২৬০০০ এবং দ্য ইউনাইটেড নেশন্স গ্লোব্যাল কমপ্যাক্ট একটি মৌলিক বিশ্বাসে একীভূত যে সংগঠন সমূহকে সামাজিকভাবে দায়িত্বশীল পথেই আচরণ করতে হবে।

দ্য সিএসআর পারফরমেন্স ল্যাডার^৫, ম্যানেজমেন্ট সিস্টেম রিকোয়ারমেন্টস এবং সার্টিফিকেশন স্ট্যান্ডার্ড ফর সিএসআর সমাজের অংশগ্রহণের ভিত্তিতে দীর্ঘমেয়াদী উন্নয়নের প্রয়োজন মেটায়। দ্য সিএসআর পারফরমেন্স ল্যাডারের পাঁচটি ধাপ আছে যা আইএসও ২৬০০০, ‘এএ ১০০০’, জিআরআই, আইএসও ৯০০১ এবং মানুষ, বিশ্ব ও মুনাফার tripple bottom line of people, planet and profit দ্বারা উৎসাহিত হয়ে তৈরি করা হয়েছে।

^৪ দশটি নীতি নিম্নোক্ত ওয়েবসাইটে পাওয়া যাবে।

<http://www.unglobalcompact.org/AboutTheGC/TheTenPrinciples/index.html>

^৫ ফাউন্ডেশন সাসটেইন রেসপন্সিবিলিটি সিএসআর পারফরমেন্স ল্যাডার স্ট্যান্ডার্ডটি প্রস্তুত করেছে।

www.mvoprestatieladder.nl/doc/CSRPerformanceLadder.pdf